

প্রেস বিজ্ঞপ্তি


বিনার আইডিবি বিজ্ঞান ও প্রযুক্তি পুরস্কার লাভ

ঢাকা, ২০ ফাল্গুন, ১৪২২ বঃ; ০৩ মার্চ, ২০১৬ খ্রিঃ

ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি) বাংলাদেশ পরমানু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা)-কে 'বিজ্ঞান ও প্রযুক্তি' বিষয়ক অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ কৃষি গবেষণা প্রতিষ্ঠান হিসেবে মনোনিত করেছে।

আগামী ১৫-১৬ মে, ২০১৬ খ্রিঃ ইন্দোনেশিয়ার জাকার্তায় অনুষ্ঠিত আইডিবি'র ৪১তম পরিচালনা পর্ষদের সভায় এ পুরস্কার প্রদান করা হবে। পুরস্কার গ্রহণের জন্য মহাপরিচালক, বিনাকে আমন্ত্রণ জানানো হয়েছে। সার্টিফিকেট, ট্রফি ও নগদ ১ (এক) লক্ষ ডলার পুরস্কার প্রদান করা হবে বলে আইডিবি সূত্রে জানা গেছে।

১৯৭২ সালের ১জুলাই জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় পরমানু গবেষণা কেন্দ্র নামে প্রতিষ্ঠানটির যাত্রা শুরু হয়। এ পর্যন্ত বিনা ১২টি ফসলের ৮৩টি উন্নত জাত, ৯টি জীবানু সার ও অন্যান্য প্রযুক্তি উদ্ভাবন করেছে। এর কয়েকটি জাত লবণ, খরা ও বন্যা সহনশীল হিসেবে পরিবর্তিত জলবায়ুর মোকাবেলায় ভাল ফলন দিতে সক্ষম। বিনা উদ্ভাবিত জাত ও প্রযুক্তি দেশের খাদ্য নিরাপত্তার অসামান্য অবদান রেখে চলছে। বর্তমান সরকারের কৃষিবান্ধব নীতি এবং মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ও কৃষি মন্ত্রণালয়ের দিকনির্দেশনামূলক কার্যক্রমের স্বীকৃতি হিসেবে এ পুরস্কার অর্জন করা সম্ভব হয়েছে।


০৬.০৬.১৬
বিবেকানন্দ রায়

সিনিয়র তথ্য অফিসার

কৃষিমন্ত্রণালয়,

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mail: vivekroy07@yahoo.com